

## বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৩১১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - সাজদায় গমনের পদ্ধতি

আরবী

رَأَيْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا سَجَدَ وَضَعَ رُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ. أَخْرَجَهُ  
الْأَرْبَعَةُ  
فَإِنْ لِلأَوَّلِ شَاهِدًا مِنْ حَدِيثِ

ضعيف. رواه أبو داود (838)، والنسائي (206 /2 - 207)، والترمذي (268) وابن  
ماجه (882)، وقال الترمذي: «هذا حديث حسن غريب، لا نعرف أحدا رواه مثل هذا  
غير شريك». قلت: وهو سيئ الحفظ

বাংলা

৩১১. উক্ত হাদীসে আছে: আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সিজদার সময় তাঁর দু' হাতের পূর্বে দু' হাঁটু মাটিতে রাখতে দেখেছি। প্রথম হাদীসটি অধিক শক্তিশালী কারণ, ইবনু 'উমার (রাঃ) হাদীস উক্ত হাদীসের শাহিদ (অনুরূপ),[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ ৮৮২, তিরমিযী ২৬৮, নাসায়ী ১০৮৯, ১১৫৪, আবু দাউদ ৮৩৮, দারেমী ১৩২০ আলবানী ৮৩৮, নাসায়ী ১০৮৯, তিরমিযী ১৬৮, ইরওয়াউল গালীল ৩৫৭ গ্রন্থসমূহে হাদীসটিকে দুর্বল আখ্যায়িত করেছেন। আত-তালখীসুল খাবীর (৪১৩) গ্রন্থে ইবনু হাজার বলেন, হাদীসটি শরীফ এক ভাবে বর্ণনা করেছেন। এই হাদীসের শাহিদ রয়েছে, আওনুল মা'বুদ (৩/৪২) গ্রন্থে আযীমাবাদী বলেন, এই হাদীসের সানাতে ইবনু আদ্দিন্লাহ আন নাখয়ী রয়েছে আর তার ব্যাপারে সমালোচনা করা হয়েছে। কোন কোন বর্ণনায় “তিনি যখন দাড়াতে তখন হাঁটুর

উপর दाँडातेन, एवं भड़ करतेन रानेर उपर” এই অতিরিক্ত বর্ণনাটি যয়ীফ। ইবনু বাযের মাজমুয়া ফাতওয়া (৬১/১১,৩৩/১১) গ্রন্থে হাত রাখার পূর্বে হাঁটু রাখা প্রমাণিত বলে মন্তব্য করেছে। তিনি তার অপর গ্রন্থে ফাতওয়ানুর আলাদ দার (৮/২৮৬) গ্রন্থে হাদীসটিকে হাসান বলে উল্লেখ করেছে। ইরওয়াউল গালীল (২/৭৭) গ্রন্থে আলবানী হাদীসটিকে মুনকার বলেছেন। তুহফাতুল আহওয়াযী (২/১৩) গ্রন্থে আব্দুর রহমান মুবারকপুরী হাদীসটিকে দুর্বল বলেছেন এবং ইবনু রাজাব হাদীসটিকে মুরসাল ও মুনকাতি বলেছেন। তবে, হাটুর পূর্বে হাত রাখার হাদীসকে মুহাদ্দীসগণ সহীহ বা হাসান বলে অভিহিত করেছেন। জামেউস স্বাগীর লিস সুযূতী (৬৭৩) আওনুল মা'বুদ ৩/৪৩, আল মাহাল্লী ৪/১২৯

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70122>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন